



‘समानो मन्त्रः समितिः समानी’

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. Honours 5th Semester Examination, 2021

**CC12-BENGALI**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) “চিঠির কাগজের রঙ দেখেই অতীন বুঝলো।” – কার লেখা, কোথা থেকে নেওয়া ? ‘চিঠির রঙ’ কি ছিল ? অতীন কী বুঝল ?
- (খ) সুরমার বয়স কত ? তার প্রথম শিক্ষকের নাম কী ছিল ? তার মা-বাবার নাম কী ?
- (গ) কুবেরের মাছ ধরার সঙ্গী কে বা কারা ছিল ? তাদের মাছ ধরে উপার্জনের ভাগ-বাটোয়ারা কীভাবে হত ? এরূপ হওয়ার কারণ কী ?
- (ঘ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে কুবেরের কয়টি সন্তানের উল্লেখ আছে ? তাদের নামগুলি বল।
- (ঙ) ‘হাজার চুরাশির মা’ উপন্যাসে কয়টি অধ্যায় আছে ? অধ্যায়গুলির নাম লেখো।
- (চ) ‘অমৃত কুন্ডের সন্ধান’ উপন্যাসটির প্রকাশকাল কত ? উপন্যাসটির ‘বিচিত্র’ অংশে যে ছোটগল্পটির উল্লেখ আছে, গল্পকারসহ তার নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘চার অধ্যায়’ উপন্যাসের বটু চরিত্রটির পরিচয় দাও।
- (খ) টীকা লেখোঃ ময়নাদীপ।
- (গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাস অনুসরণে ‘জেলেপাড়া’র বিবরণ দাও।
- (ঘ) ‘হাজার চুরাশির মা’ উপন্যাসে ব্রতীর বাবা চরিত্রটির স্বরূপ উদ্ঘাটন করো।
- (ঙ) ‘হাজার চুরাশির মা’ উপন্যাসে লেখিকা যে প্রশ্নগুলি উত্থাপন করেছেন তার পরিচয় দাও।
- (চ) ‘অমৃত কুন্ডের সন্ধান’ উপন্যাসে কালকূট যে সত্যটি তুলে ধরতে চেয়েছেন সংক্ষেপে তার পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪
- (ক) সমকালীন রাজনীতির যে ছবি রবীন্দ্রনাথ ঠাকুর ‘চার অধ্যায়’ উপন্যাসে তুলে ধরেছেন তার স্বরূপ উদ্ঘাটন করো।
- (খ) আঞ্চলিক উপন্যাসের পটভূমি দিয়ে শুরু হলেও মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসটি শেষ পর্যন্ত আঞ্চলিকতার সীমা অতিক্রম করে গেছে — আলোচনা করো।
- (গ) ‘হাজার চুরাশির মা’ উপন্যাসের সুজাতা চরিত্রটি চিত্রিত করো।
- (ঘ) ‘অমৃত কুন্ডের সন্ধান’ উপন্যাসটির বিষয়বস্তু আলোচনা করে নামকরণের সার্থকতা বিচার করো।

—x—